

AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 08-10-2026

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লির যশোভূমিতে দশম 'ইন্ডিয়া মোবাইল কংগ্রেস'-এর উদ্বোধন করছেন।
- ২) নতুন দিল্লির ভারত মণ্ডপে শুরু হয়েছে জি-এস-টি কাউন্সিলের ৫৭তম বৈঠক। # বৈঠকে সভাপতিত্ব করছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী।
- ৩) দেশজুড়ে আজ ভারতীয় বায়ুসেনা-IAF-র ৯৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হচ্ছে।
- ৪) বিদেশ মন্ত্রী বলেছেন দক্ষিণী বিশ্বের অন্যতম প্রতিনিধি হিসেবে ভারত ও ঘানা বিভিন্ন ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা আরও শক্তিশালী করতে আগ্রহী।
- ৫) বিশিষ্ট অভিনেতা নানা পাটেকর প্রয়াত। বয়স হয়েছিল ৭৫ বছর।
- ৬) IFA শিল্পের ফাইনালে যুবভারতীতে আজ মুখোমুখি হবে ইস্টবেঙ্গল- মোহনবাগান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির যশোভূমিতে ইন্ডিয়া মোবাইল কংগ্রেসের দশম সংস্করণের উদ্বোধন করেছেন। গতকাল শুরু হওয়া চার দিনের এই

সম্মেলনে টেলিযোগাযোগ, ডিজিটাল সংযোগ ও প্রযুক্তিগত উদ্ভাবনে ভারতের অগ্রগতি তুলে ধরা হচ্ছে। এবারের সম্মেলনের মূল ভাবনা— স্কেল উইদাউট বাউন্ডারিজ' বা সীমাহীন পরিসরে প্রসার।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রতিটি জেলায় ফাইভ-জি পরিষেবা পৌঁছে গেছে। বর্তমানে সারা দেশে ফাইভ-জি পরিষেবা চালাতে সাড়ে পাঁচ লক্ষেরও বেশি বেস স্টেশন রয়েছে।

(বাইট — নরেন্দ্র মোদী)

কেন্দ্রীয় যোগাযোগমন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন, প্রযুক্তির সুবিধা দেশের প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেওয়াই প্রধানমন্ত্রীর লক্ষ্য। তিনি জানান, ২০১৪ সালে এক জিবি ডেটার দাম ছিল ২৬৮ টাকা। বর্তমানে তা কমে হয়েছে প্রায় আট টাকা। ফাইভ-জি পরিষেবার দ্রুত প্রসারে টেলিকম শিল্পের সঙ্গে যুক্ত সকলের অবদানেরও প্রশংসা করেন তিনি। বর্তমানে ভারতে ৫৫ কোটি ফাইভ-জি ব্যবহারকারী রয়েছেন বলে জানান কেন্দ্রীয় মন্ত্রী।

এই সম্মেলনে বিশ্বের একশোরও বেশি দেশ থেকে দেড় লক্ষের বেশি অংশগ্রহণকারী, পাঁচশোরও বেশি প্রদর্শক এবং ছশোটি স্টার্টআপ যোগ দিয়েছে। স্মার্ট মোবিলিটি, শিল্পক্ষেত্রে রোবোটিক্স -সহ বিভিন্ন নতুন ক্ষেত্রের উদ্ভাবনও তুলে ধরা হচ্ছে সম্মেলনে।

নতুন দিল্লির ভারত মণ্ডপমে শুরু হয়েছে জি-এস-টি কাউন্সিলের ৫৭তম বৈঠক। সভাপতিত্ব করছেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। উপস্থিত রয়েছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ, কর্ণাটকের মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার, জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর

আবদুল্লা, হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি-সহ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অর্থমন্ত্রীরা ।

জি-এস-টি সংক্রান্ত জটিলতা কমানো, কর জমার প্রক্রিয়া সহজ করা এবং ছোট ব্যবসায়ীদের উপর থেকে কর সংক্রান্ত বোঝা কমাতে পাঁচ দফা সংস্কার প্রস্তাব পেশ করতে পারে কেন্দ্র। এর মধ্যে রয়েছে চালানের স্বয়ংক্রিয় মেলবন্ধন , নথিপত্রের ঝামেলা কমানো এবং ছোট করদাতাদের রিটার্ন জমার সংখ্যা হ্রাস। উল্লেখ্য, গত বছরের সেপ্টেম্বরে কাউন্সিলের ৫৬তম বৈঠকে সাধারণ মানুষ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রের স্বার্থে করের হার পুনর্বিন্যাসের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

দেশজুড়ে আজ ভারতীয় বায়ুসেনা-IAF-র ৯৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হচ্ছে। ১৯৩২ সালের আজকের দিনেই প্রতিষ্ঠিত এই বাহিনীর যাত্রা, পরবর্তী কয়েক দশক ধরে দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে সুদৃঢ় ও সুবিন্যস্ত করেছে।

এই উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বায়ুসেনার সকল সদস্য ও তাঁদের পরিবারবর্গকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, ভারতীয় বায়ুসেনা পেশাদারিত্ব, শৃঙ্খলা ও প্রস্তুতির সর্বোচ্চ মান বজায় রেখে দেশের প্রতি দৃষ্টান্তমূলক সেবা প্রদান করে আসছে। ‘অপারেশন সিন্দুর’-এর ফলে দেশের নিরাপত্তায় বায়ুসেনার সদস্যদের সাহস, নিখুঁত কার্যক্ষমতার পরিচয় পাওয়া গেছে বলে উল্লেখ করেন রাষ্ট্রপতি।

ভারতীয় বায়ুসেনার প্রধান এয়ার চিফ মার্শাল এ পি সিং আজ বলেছেন, অত্যাধুনিক প্রযুক্তি ও সরঞ্জাম নয়, বায়ুসেনার প্রকৃত শক্তি তার বায়ুযোদ্ধারা। এ বছরের বায়ুসেনা দিবসের মূল ভাবনা—‘অব্যর্থ , অপ্রতিরোধ্য ও নিখুঁত’। পরিবর্তিত নিরাপত্তা পরিস্থিতির মোকাবিলায় বায়ুসেনার আধুনিকীকরণের প্রক্রিয়া আরও জোরদার হচ্ছে।

এ বছরের উদ্‌যাপনের অংশ হিসেবে পবিত্র বারাণসীতে আকাশপথে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হবে। সেখানে বায়ুসেনার পাইলটরা নানা দুঃসাহসিক কসরতের মাধ্যমে দেশের আকাশ প্রতিরক্ষার শক্তি তুলে ধরবেন।

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর মহাপরিচালক পরমেশ শিবামণি আজ পারাদ্বীপ উপকূলের কাছে দ্বাদশ জাতীয় সামুদ্রিক অনুসন্ধান ও উদ্ধার বিষয়ক মহড়া 'সারেঞ্জ-২৬' প্রত্যক্ষ করেছেন। অত্যন্ত সুসংহত সমন্বয় ও নিখুঁত কার্যপদ্ধতির মাধ্যমে আয়োজিত বর্ণাঢ্য এই সামুদ্রিক অনুসন্ধান ও উদ্ধার অভিযানে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী ও নৌবাহিনীর জাহাজ, উপকূলরক্ষী বাহিনীর হেলিকপ্টার ও ডর্নিয়ার বিমান, ভারতীয় বিমান বাহিনীর C-130J বিমান এবং কাস্টমস ও অন্যান্য সংস্থার যানবাহন ও সংশ্লিষ্টরা অংশগ্রহণ করেন।

'আইসিজিএস সমুদ্র প্রতাপ' জাহাজে বসে আকাশবাণী নিউজকে এক বিশেষ সাক্ষাৎকারে উপকূলরক্ষী বাহিনীর মহাপরিচালক জানান , সামুদ্রিক অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রমকে এক নতুন উচ্চতায় নিয়ে যেতে তাঁরা প্রস্তুত।

৩০টি বন্ধুত্বপূর্ণ দেশের ৩২ জন পর্যবেক্ষক 'সারেঞ্জ-২৬' মহড়াটি প্রত্যক্ষ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১১ ই অক্টোবর চেন্নাইয়ে একটি মেট্রোরেল প্রকল্পের উদ্বোধন সহ একগুচ্ছ কর্মসূচীতে যোগ দেবেন। তিনি চেন্নাই মেট্রোর পুনামালি থেকে বড়াপালানি শাখার উদ্বোধন করবেন। পাশাপাশি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে পালানি, পারামাকুড়ি, নামাক্কাল, অম্বাসমুদ্রম এবং ভেলোর ক্যান্টনমেন্ট অমৃত ভারত স্টেশনের উদ্বোধন করবেন শ্রী মোদী। এছাড়াও কোয়েম্বাটোরের ৭০০ কোটি টাকার একগুচ্ছ রেল প্রকল্পের উদ্বোধন করবেন তিনি।

পুনামালিতে প্রধানমন্ত্রী একটি রোডশো-এ অংশ নেবেন। এছাড়াও রাজ্যসভার সাংসদ, সঙ্গীত বিশেষজ্ঞ ইলিয়ারাজার একটি সঙ্গীত গবেষণা কেন্দ্রের উদ্বোধনও করবেন তিনি।

স্মার্ট মিটারকে নতুন ধরনের একটি প্রযুক্তির ব্যবহার হিসেবে বিবেচনা করলেই হবেনা বরং গ্রাহকদের সঙ্গে বিদ্যুৎ বণ্টনকারী সংস্থার মেলবন্ধনের গুরুত্বপূর্ণ সরঞ্জাম হিসেবে ব্যবহার হবে। নতুন দিল্লিতে মিটারিং ইন্ডিয়ার একাদশ সম্মেলনে বিদ্যুৎ মন্ত্রকের যুগ্ম সচিব শশাঙ্ক মিশ্র বলেন, ভারতে বিদ্যুৎ ক্ষেত্রে ডিজিটাইজেশনে স্মার্ট মিটারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বর্তমানে দেশের মোট গ্রাহকের কুড়ি শতাংশ স্মার্ট মিটার ব্যবহার করছেন।

বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, দীর্ঘদিনের অংশীদার এবং দক্ষিণী বিশ্বের অন্যতম প্রতিনিধি হিসেবে ভারত ও ঘানা স্বাস্থ্য, কৃষি, ওষুধ শিল্প, খনি, প্রতিরক্ষা,

রেলপথ ও ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা আরও শক্তিশালী করতে আগ্রহী। ৩ দেশ সফরে তিনি এখন ঘানায়।

জয়শঙ্কর বলেন, উভয় দেশই প্রায় একই ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন এবং দক্ষতা বৃদ্ধি ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন অর্জনের লক্ষ্যে তারা একে অপরের অভিজ্ঞতা কাজে লাগাতে পারে। তিনি ভারতের ‘আয়ুস্মান ভারত’, কৃষকদের জন্য গৃহীত কর্মসূচি, ‘ডিজিটাল ইন্ডিয়া’ ও ‘স্টার্টআপ ইন্ডিয়া’র পাশাপাশি ঘানার ‘আক্রা রিসেট’ ‘ফিড ঘানা’ এবং ‘ওয়ান-মিলিয়ন-কোডার্স’ উদ্যোগগুলোর কথা তুলে ধরেন।

দুই দেশ কৃষি গবেষণা ও শিক্ষা, জীববৈচিত্র্য, বৈজ্ঞানিক গবেষণা এবং দক্ষতা বৃদ্ধির বিষয়ে বিভিন্ন চুক্তি স্বাক্ষর করেছে। জয়শঙ্কর আরও বলেন যে, ওষুধ শিল্প, স্বাস্থ্য, খনি, প্রতিরক্ষা ও রেলপথের ক্ষেত্রে আরও বৃহত্তর সহযোগিতার সুযোগ রয়েছে বলে ভারত মনে করে।

ভারত অভিযোগ করেছে, সন্ত্রাসবাদের ক্ষেত্রে পাকিস্তান দ্বিচারিতা করছে। একদিকে যখন ইসলামাবাদ জইশ-ই-মহম্মদ প্রধান মাসুদ আজাহারের খবর দিতে পারলে পুরস্কারের ঘোষণা করছে, অন্যদিকে বিভিন্ন জঙ্গীগোষ্ঠীকে সবধরনের সহায়তা করছে। ৯/১১, ২৬/১১, পহেলগাঁও হামলার কথা সারা পৃথিবী মনে রেখেছে। রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদের ভারতের ফাস্ট সেক্রেটারি রঘু পুরী পাকিস্তানের সমালোচনা করে সন্ত্রাসবাদ মদতদাতা এবং তাদের যারা আর্থিকভাবে সহায়তা করছে, এদের প্রত্যেকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান। তিনি প্রশ্ন তোলেন, আফগান সরকার যখন আজাহারকে অবাস্তিত ঘোষণা করেছে, সেই সময়ে পাকিস্তান কিভাবে দাবি করে

যে, সে এখন পাকিস্তানে রয়েছে। পুরী, পাকিস্তানকে জঙ্গীদের নিরাপদ আশ্রয় বলে বর্ণনা করেন। তিনি বলেন, ভারত তার জনসাধারণকে রক্ষা করবে এবং যেকোনো ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে।

প্রয়াত অভিনেতা নানা পাটেকরের শেষকৃত্য আজ বিকেল ৪টে পুনের কাছে ডনজেতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে। মহারাষ্ট্র সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রসঙ্গত, ডনজেতে এই অভিনেতার একটি খামার বাড়ি রয়েছে। আগেই জানানো হয়েছে, আজ সকালে, গোয়ায় তাঁর বাসভবনে, অচেতন হয়ে পড়েন তিনি। পরে, একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলে, ডাক্তাররা তাঁকে মৃত ঘোষণা করেন। প্রাথমিকভাবে হৃদরোগে আক্রান্ত হয়েই তাঁর মৃত্যু বলে অনুমান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫।

তাঁর প্রয়াণে শোকস্তব্ধ চলচ্চিত্র মহল।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, নানা পাটেকার ছিলেন একজন অসাধারণ শিল্পী, যিনি বিভিন্ন চরিত্রে অভিনয়ের মাধ্যমে দর্শকদের মন জয় করেছেন।

গুজরাট-সহ ভারতের জল ব্যবস্থাপনার বিবর্তন নিয়ে গতকাল বেঙ্গালুরুর আইআইএম-এ একটি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। জলশক্তি মন্ত্রকের সচিব অশোক কুমার মিনা বলেন, জনসাধারণের অংশগ্রহণ, ধারাবাহিক বিনিয়োগ এবং গ্রাম পঞ্চায়েতের সক্রিয় ভূমিকা জল ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ।

তিনি জানান, জল জীবন মিশন ২.০-তে পরিকাঠামো নির্মাণের পাশাপাশি দীর্ঘমেয়াদি জল সরবরাহ পরিষেবা নিশ্চিত করার ওপর জোর দেওয়া হচ্ছে। স্থানীয় জল সরবরাহ ব্যবস্থা পরিচালনার দায়িত্বে থাকবে গ্রাম পঞ্চায়েত।

ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট ১২৬-তম IFA শিল্ড ফুটবলের ফাইনালে আজ মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা ছ'টা ১৫ মিনিটে। ইস্টবেঙ্গল ২৯ বার এবং মোহনবাগান ২২ বার এই শিল্ড জিতেছে।
